

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়,

ঢাকা।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফইপিডি সার্কুলার পত্র নং - এফইপিডি(এফইএমপি)/০১/২০১২-২৯

তারিখঃ ১৮/১২/২০১২ ইং

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়গণ,

**দৈনিক ফরেন এক্সচেঞ্জ পজিশন বিবরণীতে শুধুমাত্র Rationalized Input Template (RIT) এ  
Web Portal এর মাধ্যমে দাখিলকরণ ও ই-মেইলের মাধ্যমে তথ্য সংগ্রহ বন্ধ করা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে অত্র কার্যালয়ের এফই সার্কুলার নং-৭, তারিখ ১৫/০৪/২০১০ এবং এফইপিডি সার্কুলার পত্র নং-  
এফইপিডি (এফইএমপি)/০৪/২০১২-১৪ তারিখ ১১/০৭/২০১২ -এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, এফই সার্কুলার নং-৭, তারিখ ১৫/০৪/২০১০ এ বর্ণিত নির্দেশনানুসারে আগামী  
০১/০১/২০১৩ হতে দৈনিক এক্সচেঞ্জ পজিশনের হার্ডকপি এবং ই-মেইলের মাধ্যমে প্রেরিত সফটকপি উক্ত সার্কুলারের সাথে  
সংযুক্ত ছক মোতাবেক দাখিল করতে হবে না; তবে, অত্র বিভাগের এফইপিডি সার্কুলার পত্র নং  
এফইপিডি(এফইএমপি)/০৪/২০১২-১৪ এর নির্দেশনা অনুসরণ করতঃ আগামী ০১/০১/২০১৩ হতে দৈনিক এক্সচেঞ্জ পজিশন  
বিবরণীর \*.comma separated value(csv) ফাইল Rationalized Input Template (RIT) এ Web Portal এর  
মাধ্যমে প্রতি কার্যদিবসে সকাল ১১.০০ ঘটিকার মধ্যে দাখিল করা যথারীতি অব্যাহত রাখতে হবে। দৈনিক এক্সচেঞ্জ পজিশন  
বিবরণীর \*.csv ফাইলের ইনপুট (User Sheet) পূরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট RIT এর রেফারেন্স ফাইল এবং এফই সার্কুলার নং-৭  
তারিখ ১৫/০৪/২০১০ এ বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হল। তাছাড়া, কোন উপযুক্ত কারণে আপনাদের  
ব্যাংকের এক্সচেঞ্জ পজিশন নির্ধারিত অনুমোদিত সীমা অতিক্রম করলে অথবা নির্ধারিত সময়ের মধ্যে এক্সচেঞ্জ পজিশন বিবরণী  
দাখিলে ব্যর্থ হলে কারণ উল্লেখপূর্বক ই-মেইলের ([fepd.femp2@bb.org.bd](mailto:fepd.femp2@bb.org.bd)) মাধ্যমে সকাল ১১.০০ টার মধ্যে অত্র  
বিভাগকে অবশ্যই অবহিত করতে হবে।

আপনাদের দৈনিক এক্সচেঞ্জ পজিশনের হার্ডকপি উপযুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরপূর্বক এফই সার্কুলার নং-৭ তারিখ  
১৫/০৪/২০১০ এর সাথে সংযুক্ত ছক মোতাবেক আপনাদের কার্যালয়ে সংরক্ষণ করতে হবে এবং এর কপি পরিদর্শনসহ অন্যান্য  
কাজে ব্যবহারের জন্য চাহিবামাত্র অত্র কার্যালয়ে দাখিল করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫০